যুগান্তর
প্রিন্ট: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:৪৭ এএম

**শেষ পাতা**

ছাত্র সংসদ নির্বাচন: জাকসু

# ৯-১১ সেপ্টেম্বর সব ধরনের পরীক্ষা বন্ধ

জাবি প্রতিনিধি

প্রকাশ: ০৪ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম
প্রিন্ট সংস্করণ



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচন উপলক্ষ্যে আগামী ৯ থেকে ১১ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব ধরনের পরীক্ষা বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। তবে ৯ সেপ্টেম্বর শুধু ক্লাস চলবে, বাকি দুই দিন ১০ ও ১১ সেপ্টেম্বর ক্লাস ও পরীক্ষা দুটোই বন্ধ থাকবে।

মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এ বি এম আজিজুর রহমান স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, জাকসু ও হল সংসদ নির্বাচন উপলক্ষ্যে আগামী ৯ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের সব বিভাগ ও ইনস্টিটিউটের পূর্বনির্ধারিত অনুশীলনী পরীক্ষা ও সব পর্বের চূড়ান্ত পরীক্ষা স্থগিত থাকবে। তবে ক্লাস যথারীতি চলমান থাকবে। তবে ১০ ও ১১ সেপ্টেম্বর সব ক্লাস ও পরীক্ষা স্থগিত থাকবে। এছাড়া জাকসু উপলক্ষ্যে উইকেন্ড, ইভিনিং প্রোগ্রামের ক্লাস ও সব পরীক্ষা স্থগিত থাকবে ১২ ও ১৩ সেপ্টেম্বর।

আরও বলা হয়, বিজ্ঞপ্তি জারির তারিখ থেকে জাকসু নির্বাচনের দিন পর্যন্ত নতুন করে কোনো পর্বের অথবা সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষার রুটিন নির্ধারণ না করার জন্য সব পরীক্ষা কমিটিকে নির্দেশক্রমে বলা হয়েছে। নির্বাচনের তফসিল অনুযায়ী আগামী ১১ সেপ্টেম্বর জাকসু নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

প্রার্থীদের ডোপ টেস্ট বাধ্যতামূলক : জাকসু নির্বাচনে সব প্রার্থীর বাধ্যতামূলক ডোপ টেস্টের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। মঙ্গলবার জাকসু নির্বাচন কমিশনের সদস্য অধ্যাপক মাফরুহী সাত্তার বলেন, জাকসু নির্বাচনে সব প্রার্থীকে বাধ্যতামূলকভাবে ডোপ টেস্ট করানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিজ্ঞপ্তি দিয়ে দু-একদিন সময় দিয়ে টেস্ট করা হবে। প্রার্থীরা বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে ডোপ টেস্ট করাতে পারবেন।

দীর্ঘ ৩৩ বছর পর অনুষ্ঠিত হতে যাওয়া জাকসু নির্বাচনে ২৫টি পদের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবেন ১৭৯ জন। ভিপি পদে ১০ জন এবং জিএস পদে ২ জন নারীসহ ৯ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন।